

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী
dwa.syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-৩২.০১.৭৩৮৫.০০০.২০.০০২.২৬-১৬২

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০১ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ


মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সৈয়দপুর, নীলফামারী জুলাই হতে সেপ্টেম্বর/২০২৬ মেয়াদ কালের জন্য দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ কোর্সে ৩০(ত্রিশ) জন শুধুমাত্র মহিলা প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ভর্তির শর্তাবলি

- ১। ভর্তি ইচ্ছুক প্রার্থীগনকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (মহিলা বিষয়ক অধিদপ্তর, সৈয়দপুর, নীলফামারী) হতে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথ ভাবে আবেদন ফরম পূরণ করে আগামী ১৮/০৬/২০২৬খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, সদ্যতোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রসীন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/জন্ম নিবন্ধন, মেয়র/চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র সহ জমা দিতে হবে।
- ৩। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে শারীরিক ভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবিবাহিত/তালাকপ্রাপ্ত/দুঃস্থ ও অসহায়/বিধবা/স্বামী পরিত্যক্তা মহিলাগণ ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। কোন সংক্রামক বা ছোয়াটে/অন্তসস্তা/রোগাক্রান্ত মহিলাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৪। ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছরের মধ্যেই হতে হবে।
- ৫। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের শুধুমাত্র উপস্থিতির দিনগুলোতে দৈনিক ভাতা দেয়া হবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা দেওয়া হবে না।
- ৬। প্রশিক্ষণ কেন্দ্রের নির্ধারিত কারিকুলাম/সিলেবাস বা রুটিন অনুযায়ী তাত্ত্বিক বা ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণের অংশ হিসাবে সকল প্রশিক্ষণার্থীদেরকে হাতে কলমে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ চলাকালে বিধি বিধান ও প্রশিক্ষণ কর্মসূচীর নিয়ম শৃঙ্খলা প্রশিক্ষণার্থীদেরকে মেনে চলতে হবে।
- ৭। দর্জি বিজ্ঞান আগামী ২৪/০৬/২০২৬ তারিখ রোজ বুধবার আবেদন কারীদের ভর্তি সাক্ষাতকার বেলা ১১:০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে সকল প্রার্থীকে উপস্থিত থাকতে হবে। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না।
- ৮। ভর্তি পরীক্ষার ফলাফল ৩০/০৬/২০২৬ইং তারিখ রোজ মঙ্গলবার নোটিশ বোর্ডে জানিয়ে দেওয়া হবে এবং একই দিনে প্রশিক্ষণার্থীদের ভর্তি করা হবে।
- ৯। আগামী ০১/০৭/২০২৬ ইং তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ ঘটিকা হতে প্রশিক্ষণ ক্লাস শুরু হবে।
- ১০। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালে চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সনদপত্র/সার্টিফিকেট প্রদান করা হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ-পূর্বে প্রশিক্ষণ নিয়ে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।


(নূরুন্নাহার শাহজাদী)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সৈয়দপুর, নীলফামারী।
ফোন-+৮৮০২৫৮৯৯৫৬০১০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৪। নোটিশ বোর্ড অফিস।